# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 FEBRUARY 2025                    7:45—7:55**

---

(১) পঞ্চদশ আসাম বিধানসভার বাজেট অধিবেশনে আজ ২০২৬-২৭ বর্ষের অর্ন্তবর্তী লেখানুদান উত্থাপন/

(২) রাজ্য সরকারের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে চা জনজাতি এবং আদিবাসী সম্প্রদায়ের জন্যে তিন শতাংশ পদ সংরক্ষণের বিষয়ে আজ আসাম মন্ত্রীসভার অনুমোদন/

(৩) তিনদিনের সফরসূচি নিয়ে গতকাল আসামে আসা নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ দলের আজ রাজ্যের স্বীকৃতিপ্রাপ্ত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে আলোচনা/

(৪) আসাম লোকসেবা আয়োগের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার সংশোধিত তালিকা প্রকাশ/

এবং

(৫) রাজ্য সরকারের ভাষা সংস্কৃতি সংরক্ষণের জন্যে গ্রহণ করা শক্তিশালী পদক্ষেপের অংশ হিসেবে ডিমাসা ভাষাকে নবম ও দশম শ্রেণীতে ঐচ্ছিক বিষয় হিসেবে প্রবর্তনের সিদ্ধান্ত/

---

পঞ্চদশ আসাম বিধানসভার বাজেট অধিবেশনে আজ ২০২৬-২৭ বর্ষের অর্ন্তবর্তী লেখানুদান উত্থাপন করা হয়েছে । আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ বাজেটের পরিবর্তে অর্থমন্ত্রী অজন্তা নেওগ এই লেখানুদান দাখিল করেন । অর্থমন্ত্রী প্রথম চারমাসের জন্য ৬২ লক্ষ ২৯ হাজার ৪৭৮ টাকার লেখানুদান দাখিল করেন ।

পূর্ণাঙ্গ বাজেট উত্থাপন না করা পর্যন্ত সরকারের কাজকর্ম চালানোর জন্য এই বাজেট দাখিল করা হয়েছে বলে অর্থমন্ত্রী লেখানুদানে জানিয়েছেন । এই লেখানুদানে ২০২৬-২৭ বর্ষে বিকাশের হার ১৬ দশমিক ৯-৩ শতাংশ হবে বলে অনুমান করা হয়েছে । একইভাবে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন সাড়ে ৮ লক্ষ কোটি টাকারও অধিক হবে বলে অর্থমন্ত্রী লেখানুদানে জানিয়েছেন । এছাড়া ২০২৮ সালের মধ্যে আসাম ১০ লক্ষ কোটি টাকার অর্থনীতি হিসেবে পরিগণিত হবে বলে মন্ত্রী শ্রীমতি নেওগ তাঁর ভাষণে জানান । বিগত পাঁচ বছরে রাজ্যসরকারের বিচক্ষণ আর্থিক ব্যাবস্থাপনার জন্য অর্থনৈতিক ক্ষেত্রে আসাম সুস্থির হয়েছে বলে এবং রাজ্যের মাথাপিছু আয় বৃদ্ধি পেয়েছে বলেও তিনি উল্লেখ করেন । এই লেখানুদানে মূখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে ৫ লক্ষ যুবক যুবতীকে অর্ন্তভুক্ত করার লক্ষ্য স্থির করা হয়েছে । আসাম দর্শন প্রকল্পের অধীনে ৫৪ হাজার ৭২৫ টি ধর্মীয় স্থানের উন্নীতকরণের জন্য এক হাজার ১৩২ কোটি ৯৩ লক্ষ টাকা মঞ্জুর করার কথাও উল্লেখ করা হয়েছে । এই লেখানুদানে বৃদ্ধ পেনশনের প্রকল্পের অনুদান ২৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । একইভাবে বিধবা পেনশন প্রকল্পের অনুদান ৩০০ টাকা থেকে এক হাজার ২৫০ টাকা পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব দেওয়া হয়েছে ।
আজ প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে অধিবেশনের কাজকর্ম আরম্ভ হয় । সভায় আজ উপদেষ্টা সমিতির প্রতিবেদন দাখিল করা হয় ।

সেইসঙ্গে রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব সম্পর্কেও আলোচনা অনুষ্ঠিত হয়েছে । এই আলোচনায় শাসক বিরোধী উভয় পক্ষের বিধায়করা অংশগ্রহণ করেন ।

---

রাজ্যসরকারের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে চা জনজাতি ও আদিবাসী সম্প্রদায়ের জন্য তিন শতাংশ পদ সংরক্ষণে আজ আসাম মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে । দিসপুরে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । মন্ত্রীসভায় শিক্ষকদের জন্য অর্জিত ছুটির পরিমাণ ১০ দিন থেকে বাড়িয়ে ১৫ দিন করার বিষয়ে অনুমোদন জানানো হয়েছে । মন্ত্রীসভায় মিশন বসুন্ধরা দ্বিতীয় পর্যায়ের অধীনে ১০ টি জেলার ৩১৯ টি ভুমিহীন পরিবারকে গৃহ নির্মাণের জন্য সরকারী খাস ও সিলিং জমির বন্দোবস্তীতেও অনুমোদন জানানো হয়েছে । এছাড়াও মন্ত্রীসভায় আরো বেশ কিছু প্রকল্পে অনুমোদন জানানো হয়েছে । বৈঠকের পর মূখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান

---- বাইট-----

---

আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের প্রস্তুতির বিষয়ে খোঁজখবর নেবার উদ্দেশ্যে তিনদিনের সফরসূচি নিয়ে গতকাল আসামে আসা নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ দলটি আজ রাজ্যের স্বীকৃতিপ্রাপ্ত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় মিলিত হয়েছে । এই আলোচনায় বিজেপির ডাঃ রণোজ পেগু, প্রদান বড়ুয়া, সিদ্ধার্থ ভট্টাচার্য, কংগ্রেসের রকিবুল হোসেইন, বি পি এফ'এর দুর্গাদাস বড়ো, অসম গণ পরিষদের সুনীল রাজখোয়া সহ বেশকয়েকজন নেতা অংশগ্রহণ করেন । কমিশনের দলটিতে নির্বাচন কমিশনার ডাঃ সুখবীর সিং সান্ধু, এবং ডঃ বিবেক যোশী সহ রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েল এবং নির্বাচন কমিশনের প্রবীণ আধিকারিকগণ উপস্থিত ছিলেন । কমিশনের দলটি রাজ্যের জেলা আয়ুক্তগণ, রাজ্য পুলিশের মহাপরিদর্শক, উপ-মহাপরিদর্শক, জেলা নির্বাচনী আধিকারিক এবং রাজ্যের সিনিয়র পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে মিলিত হয় । দলটি রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েলের সঙ্গে পৃথকভাবে আলোচনায় মিলিত হবে এবং বিধানসভা নির্বাচনের সামগ্রিক প্রস্তুতির বিষয়ে খোঁজখবর নেবে । এছাড়া তারা রাজ্যের একশো জন বি এল ও'র সঙ্গেও মত বিনিময় করবেন । পাশাপাশি রাজ্যের মুখ্য সচিব এবং রাজ্য পুলিশের সঞ্চালক প্রধানের সঙ্গেও নির্বাচন কমিশনের দলটি আলোচনায় মিলিত হবে। দিল্লি ফিরে যাবার আগে তারা একটি সাংবাদিক সম্মেলনেও যোগ দেবেন ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ে আজ ডিফুতে কার্বি আংলং, ডিমা হাসাও এবং পশ্চিম কার্বি আংলঙের মোট এক হাজার ৯৪৬ জন উদ্যোগীর মধ্যে প্রথম কিস্তির অর্থ বিতরণ করা হয়েছে । এই উপলঙে ডিফুর কে এ এস এ ক্রিকেট স্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এই প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে কার্বি আংলং জেলার এক হাজার দুইজন, ডিমা হাসাও জেলার ৪৮৭ জন এবং পশ্চিম কার্বি আং লং জেলার ৪৫৭ জন উদ্যোগীর মধ্যে আর্থিক সাহায্য বিতরণ করা হয়েছে ।

---

সমগ্র রাজ্যে আজ জেলা স্বাস্থ্য সেবা সমিতিসমূহের উদ্যোগে জেলাভিত্তিক আশা অভিবর্তন অনুষ্ঠিত হয়েছে । জাতীয় স্বাস্থ্য মিশনের অধীনে আয়োজিত এই অভিবর্তনে জেলা সমূহের আশা কর্মী, সুপারভাইজর প্রমুখ অংশগ্রহণ করেন । রাজ্যের স্বাস্থ্য

ব্যবস্থার মেরুদণ্ডস্বরূপ এই আশাকর্মীদের পরিশ্রমের স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে আয়োজিত এই অভিবর্তনসমূহে বিভিন্ন কার্যসুচি রূপায়ণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বাংলাদেশ ন্যাশনেলিস্ট পার্টি ( বি এন পি) অধ্যক্ষ তারিক রহমান আজ বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেছেন । বহুদিনের প্রথা ভেঙ্গে বঙ্গভবনের পরিবর্তে এবার জাতীয় সংসদের সাউথ প্লাজায় বাংলাদেশের রাষ্ট্রপতি সাহাবুদ্দিন তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণ অনুষ্ঠানে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সহ ১৩টি দেশের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন । বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয় বলেছে যে এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে ওম বিড়লার অংশগ্রহণ ভারত ও বাংলাদেশের জনসাধারণের মধ্যে গভীর ও চিরস্থায়ী বন্ধুত্বকে আলোকপাত করেছে এবং উভয় দেশকে বেঁধে রাখা গনতান্ত্রিক মূল্যবোধের প্রতি ভারতের অটল দায়বদ্ধতাকে পুনরায় দৃঢ় করে তুলেছে । উল্লেখ্য সম্প্রতি সংসদীয় নির্বাচনে বি এন পি নেতৃত্বাধীন মিত্র জোট মোট ২৯৭ টি আসনের মধ্যে ২০৯ টি আসনে জয়লাভ করেছিলো । অন্যদিকে জামাত-ই-ইসলামী নেতৃত্বাধীন মিত্রজোট ৬৮ টি আসন লাভ করেছিলো ।

---------------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগ আজ রাজ্য সরকারের বিভিন্ন পদে নিযুক্তির জন্য সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষা-২০২৪ এর ফলাফলের সংশোধিত তালিকা প্রকাশ করেছে । আয়োগের পক্ষ থেকে গতকাল তালিকা ঘোষণা করা হলেও এই পরীক্ষায় মোরান, মটক জনগোষ্ঠী জন্যে সংরক্ষিত পদে সরকারি নিয়ম অনুসারে প্রার্থীর নাম যথাযথভাবে উল্লেখ না হওয়ার পরিপ্রেক্ষিতে তালিকাটি সাময়িকভাবে বাতিল করা হয়েছিল । এইবার আসাম অসামরিক সেবায় নীহার রঞ্জন ডেকা এবং আসাম পুলিশ সেবায় ভাস্কর জ্যোতি মেধী প্রথম স্থান লাভ করেছে । প্রিলিমিনারি পরীক্ষায় ৪১ হাজার ৬১২জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিল । মূল পরীক্ষায় তিন হাজার ২৪৩জন পরীক্ষার্থী অবথীর্ণ হয় । এবং এরমধ্যে ৮৭৯ জন প্রার্থীকে মৌখিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হয় । আয়োগ ৪৫টি আসাম অসামরিক সেবা, ২০টি আসাম পুলিশ সেবা, ৫১টি কর পরিদর্শক, ৯টি খণ্ড উন্নয়ন আধিকারিক সহ অন্যান্য সেবার পদগুলিতে উত্তীর্ণ প্রার্থীদের বাছাই তালিকা প্রকাশ করেছে । উল্লেখ্য- প্রিলিমিনারি ও মূল পরীক্ষার পর গত ২০শে জানুয়ারি থেকে নয়ই ফেব্রুয়ারি পর্যন্ত মৌখিক সাক্ষাৎকার অনুষ্ঠিত হয় ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার ভাষা সংস্কৃতি সংরক্ষণের জন্যে গ্রহণ করা শক্তিশালী পদক্ষেপের অংশ হিসেবে ডিমাসা ভাষাকে নবম ও দশম শ্রেণীতে ঐচ্ছিক বিষয় হিসেবে প্রবর্তন করার

সিদ্ধান্ত নিয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই বিষয়ে জানিয়ে বলেছেন যে- ডিমাসা ভাষার স্বকীয়তার উপর গুরুত্ব আরোপ করে মাধ্যমিক পর্যায়ে এই ভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে প্রবর্তনের ব্যবস্থা করা হয়েছে । ২০২৬-২৭ শিক্ষবর্ষ থেকে নবম শ্রেণীতে এবং ২০২৭-২৮ বর্ষ থেকে দশম শ্রেণীতে এই ভাষাটিকে ঐচ্ছিক ভাষা হিসেবে প্রবর্তন করা হবে । আধুনিক ভারতীয় ভাষার বিকল্প হিসেবে এই ভাষাটির শিক্ষাদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক দপ্তরের প্রতিমন্ত্রী  তথা নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত অজয় টামটা আজ ভারতীয় জনতা পার্টির শ্রীভূমির  দলীয় কার্যালয়ে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি এবং দলীয় প্রার্থী বাছাইয়ের উদ্দেশ্যে আয়োজিত এক বৈঠকে অংশগ্রহণ করেন । বৈঠকে সংগঠনের বর্তমান শক্তি, আঞ্চলিক সমীকরণ , চলমান রাজনৈতিক পরিস্থিতি এবং ভবিষ্যত রণ কৌশল নিয়ে আলোচনা করা হয় । আজকের বৈঠকে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , বিজেপির শ্রীভূমি জেলা সভাপতি সঞ্জীব বণিক প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়য়েছেন যে তারাপুর নরমাল স্কুল পয়েন্ট থেকে চিরুকান্দি রোড ভায়া শিশু মন্দির সড়কে দুটি কালভার্ট নির্মানের জন্য আজ থেকে আগামী ১৭ই মার্চ পর্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে এই সড়ক ব্যবহারকারীদের বিকল্প সড়ক ব্যবহার করার অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার রামকৃষ্ণ নগর সমজেলা প্রশাসনের পক্ষ থেকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে আনিপুর সেতু ও পার্শ্ববর্তী এলাকায় জনসাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করতে কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে ধসে পড়া সেতুর আশেপাশে জনসাধারনের চলাচল এবং যানবাহনের চলাচল জীবনের জন্য ঝুকিপূর্ন হতে পারে । এছাড়া ধসে পড়া সেতুর এলাকায় ভীড় থাকলে সংস্কার কাজে ব্যাঘাত ঘটার সম্ভাবনা রয়েছে । এর পরিপ্রেক্ষিতে ক্ষতিগ্রস্ত সেতু ও আশপাশ এলাকায় অনুমতিহীন ব্যাক্তির প্রবেশ সম্পূর্ন নিষিদ্ধ করা হয়েছে । সেতুর দুই প্রান্ত থেকে একশ মিটার ব্যসার্ধের মধ্যে জনসাধারনের জমায়েত সম্পূর্ন নিষিদ্ধ করা হয়েছে। সেতুর দুই প্রান্তের একশ মিটারের মধ্যে সব দোকানপাট ও বানিজ্যিক প্রতিষ্ঠান

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে । নির্দেশ লংঘনকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

-------------------------------------------------------------------------------------